

৪। লাইসেন্স প্রাপ্তির শর্তাবলী।-আইনের ধারা ৬ অনুযায়ী লাইসেন্স প্রাপ্তির জন্য প্রত্যেক আবেদনকারীকে নিম্নবর্ণিত ৩(তিন)টি ক্যাটাগরিতে উল্লিখিত শর্তাবলী পূরণ করিতে হইবে, যথাঃ-

(ক) ক্যাটাগরি -১: মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপন্ন সংক্রান্ত লাইসেন্সের শর্তাবলীঃ-

- (১) হালনাগাদ আয়কর সনদ থাকিতে হইবে;
- (২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ থাকিতে হইবে
- (৩) কারিগরি জনবল থাকিতে হইবে (বিধি ২ (গ));
- (৪) তফসিল-১ ও ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান থাকিতে হইবে ;
- (৫) বার্ষিক মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষমতার তথ্যাবলি থাকিতে হইবে;
- (৬) মৎস্যখাদ্য উপকরণের মাত্রা ও পুষ্টিমান নির্ধারণের জন্য তফসিল ৩(ক), ৩(খ) ও ৩(গ) এ বর্ণিত শর্তাবলী প্রতিপালন করিতে হইবে;

(খ) ক্যাটাগরি -২: মৎস্যখাদ্য উপকরণ আমদানি ও রপ্তানি সংক্রান্ত লাইসেন্সের শর্তাবলীঃ

- (১) আমদানি ও রপ্তানি লাইসেন্স থাকিতে হইবে;
- (২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ থাকিতে হইবে;
- (৩) হালনাগাদ আয়কর সনদ থাকিতে হইবে;
- (৪) হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকিতে হইবে;
- (৫) তফসিল ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান থাকিতে হইবে;
- (৬) মৎস্যখাদ্য গুদামজাতকরণ উপযোগী, মানসম্মত ও প্রয়োজনীয় ধারণ ক্ষমতাসম্পন্ন স্থাপনা থাকিতে হইবে;
- (৭) বি. এস. টি. আই (BSTI) হইতে পণ্যের মান সম্পর্কে প্রত্যয়ন থাকিতে হইবে; এবং
- (৮) আমদানির ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের প্রত্যয়ন থাকিতে হইবে।

(গ) ক্যাটাগরি -৩: মৎস্যখাদ্য বিক্রয় সংক্রান্ত লাইসেন্সের শর্তাবলীঃ

- (১) বিক্রয়স্থলের পূর্ণাঙ্গ ঠিকানা থাকিতে হইবে;
- (২) বাজার, হাট বা বন্দর নির্দিষ্ট দোকানঘর বা স্থাপনা থাকিতে হইবে এবং দুষণমুক্তভাবে মৎস্যখাদ্য সংরক্ষণ করিতে হইবে;
- (৩) হাল-নাগাদ ট্রেড লাইসেন্স থাকিতে হইবে; এবং
- (৪) মৎস্যখাদ্য মানসম্মত সংরক্ষণের উপযোগী স্থাপনা থাকিতে হইবে।